



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

তারিখ : ০৪/০৬/২৫

স্মারক নং-৩৭৬/ক/অনু:/২০১৫/৭৬৪

বিষয় : উচ্চমাধ্যমিক পর্যায়ে 'মানবিক বিভাগ' খোলার অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.৭২.০০১.২৪(অংশ-১)-১৯৬ তারিখ : ২৭/০৭/২০২৫ প্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, গাজীপুর জেলার কোনাবাড়ী উপজেলাধীন 'আমবাগ ইউনিক কলেজ' এ ২০২৫-২৬ শিক্ষাবর্ষ হতে নিম্নোক্ত শর্তে উচ্চমাধ্যমিক পর্যায়ে 'মানবিক বিভাগ' খোলার অনুমতি প্রদান করা হলো।

শাখা :	বিষয়সমূহ :	আসন সংখ্যা	ভার্সন	শিফট
মানবিক	১। পৌরনীতি ও সুশাসন ২। সমাজ কর্ম ৩। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৪। অর্থনীতি	৫০টি	বাংলা	দিবা

### শর্ত সমূহঃ

- শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থী সংখ্যা, পরীক্ষার্থী সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না;
- কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- এ অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- বেসরকারী কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে; এবং
- কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাক্ষরিত

প্রফেসর মো: রিজাউল হক

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১২৪৭৬

ইমেইল: [ic@dhakaeducationboard.gov.bd](mailto:ic@dhakaeducationboard.gov.bd)

অধ্যক্ষ

আমবাগ ইউনিক কলেজ (EIN-136165)

কোনাবাড়ী, গাজীপুর।

মোমো নং- ৭৬৪(৫)

তারিখ : ০৪/০৬/২৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। পরিচালক, শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরো, নীলক্ষেত, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।